



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১১২

তারিখঃ ০৯ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
২৪ জুলাই ২০১৯ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের এসআরআই বিভাগে মার্চেন্ট ব্যাংকার, প্রাতিষ্ঠানিক ব্রোকার ও অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানিসমূহ তাদের মাসিক প্রতিবেদন নিয়মিতভাবে দাখিল করে আসছে। উক্ত কোম্পানিসমূহের মাসিক প্রতিবেদন অনলাইনে দাখিলের নিমিত্ত কমিশনের ওয়েবসাইটে একটি স্থায়ী প্ল্যাটফর্ম (Online Report Submission Platform) তৈরির কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। এমতাবস্থায়, মার্চেন্ট ব্যাংকার, প্রাতিষ্ঠানিক ব্রোকার ও অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানিসমূহ জুলাই, ২০১৯ ইং (যা আগস্ট, ২০১৯ ইং এ দাখিল করতে হবে) এর মাসিক প্রতিবেদন কমিশনের ওয়েবসাইট (www.sec.gov.bd)- এর Online Report Submission Platform - এ অথবা সরাসরি <http://online.sec.gov.bd/> এর মাধ্যমে কমিশনে দাখিল করবে। উল্লেখ্য যে, আগস্ট, ২০১৯ ইং থেকে কমিশন এ সংক্রান্ত প্রতিবেদনের hard copy অথবা ই-মেইলে প্রতিবেদন গ্রহণ করবে না। উল্লেখ্য যে কি ভাবে এই Online Platform ব্যবহার করতে হবে সে সংক্রান্ত একটি প্রশিক্ষণ কর্মশালা গত জুলাই ১৩, ২০১৯ইং তারিখে বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) এ অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত প্রশিক্ষণ কর্মশালায় সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের কর্মকর্তারা অংশগ্রহণ করেছেন।

অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে প্রতিবেদন দাখিলের নিম্নোক্ত পদ্ধতিসমূহ অনুসরণ করতে হবেঃ

১. মার্চেন্ট ব্যাংকার, প্রাতিষ্ঠানিক ব্রোকার ও অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানিসমূহ তাদের ইউজার আইডি এবং পাসওয়ার্ড দিয়ে লগ-ইন করে তাদের নিজস্ব প্রোফাইল তৈরি করবে অতঃপর তারা অনলাইনে প্রতিবেদন জমা দিতে পারবে।
২. অনলাইন প্ল্যাটফর্মে পূর্ববর্তী মাসের প্রতিবেদন জমা দেওয়ার জন্য প্ল্যাটফর্মটি প্রতি মাসের ১ম থেকে ১০ম দিনের রাত ১১.৫৯ টা পর্যন্ত খোলা থাকবে। এই সময়ের মধ্যে যে প্রতিষ্ঠান তাদের বর্তমান মাসের প্রতিবেদন জমা দিয়েছে, তারা চাইলে তা edit করতে পারবে। কিন্তু মাসের ১০ তারিখের পর সিস্টেমে রিপোর্ট জমা ও edit করার সুযোগ বন্ধ হয়ে যাবে।
৩. প্রতিবেদন দাখিলের পর দাখিলকৃত প্রতিষ্ঠানটি তাৎক্ষণিকভাবে একটি সিস্টেম জেনারেটেড acknowledgement পাবে।
৪. এই Platform ব্যবহারকারীরা তাদের ড্যাশবোর্ডে ইতোপূর্বে কমিশনে দাখিলকৃত সব রিপোর্ট এক জায়গায় পাবে।
৫. ভবিষ্যতে কাস্টোডিয়াল সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে এই Platform এর আওতায় আনা হবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের ত্রৈমাসিক রিপোর্টও এই Platform এর মাধ্যমে গ্রহণ করা হবে।

আজ জুলাই ২৪, ২০১৯ ইং তারিখে বিএসইসির মাল্টিপারপাস হলে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এই Platform এর উদ্বোধন করেন। উক্ত অনুষ্ঠানে কমিশনের সকল কমিশনার, কর্মকর্তাগণ, ডিএসই, সিএসই, সিডিবিএল এর প্রধান নির্বাহী কর্মকর্তাসহ ডিবিএ, অ্যাসেট ম্যানেজমেন্ট এসোসিয়েশন, মার্চেন্ট ব্যাংকিং এসোসিয়েশন এবং ফান্ড ম্যানেজমেন্ট এসোসিয়েশনের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। কমিশনের চেয়ারম্যান তার উদ্বোধনী ভাষণে উল্লেখ করেন যে কমিশন Online Platform এর পরিধি বৃদ্ধি করবে এবং ভবিষ্যতে কমিশন সব রিপোর্টই On-line এ গ্রহণ করার চেষ্টা করবে। এর ফলে Compliance issue নিশ্চিত হবে এবং বাজারের স্বচ্ছতা আরও বৃদ্ধি পাবে।

মো: সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র।